

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৪.২০২১. ৪২

তারিখ: ০৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর এর বিরুদ্ধে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-এর আওতায়, ইউনিভারসিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাসে বিগত ১০-২৯ মার্চ ২০১৯ খ্রি. পর্যন্ত মেয়াদে এম এ ইন এডুকেশন প্রশিক্ষণ কোর্সের ১ম সেমিষ্টারে অংশগ্রহণ করে দুটি মডিউলে উত্তীর্ণ হন। কিন্তু প্রশিক্ষণের ধারাবাহিকতায় ২য় সেমিষ্টারে অংশগ্রহণ বাধ্যতামূলক হলেও তিনি ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. হতে ০১ মার্চ ২০২০ খ্রি. পর্যন্ত মেয়াদের সেমিষ্টার অংশগ্রহণ করেননি। এ বিভাগ হতে সরকারি বৈদেশিক প্রেষণাদেশ অনুযায়ী UK তে অবস্থিত University of Dundee হতে গত ২০ জানুয়ারি ২০২০ খ্রি. থেকে ১৯ জানুয়ারি ২০২১ খ্রি. ০১ (এক) বছর মেয়াদের MSc International Business কোর্স ফেস টু ফেস মোডে সম্পন্ন করেছেন এবং সরকারি অর্থে একটি বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণরত অবস্থায় অবৈধভাবে একই সাথে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করেছেন। যে কারণে ১ম কোর্স অসমাপ্ত হওয়ায় সরকারি অর্থের অপচয় হয়েছে এবং ১ম কোর্স অসমাপ্ত হওয়ায় প্রশিক্ষণার্থীর হিসেবে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প অঙ্গীকারনামা গ্রহণ করা হয় যেখানে বলা হয় যে, প্রশিক্ষণার্থী ইউএনএমসির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার মাধ্যমে M A in Education এর পুরো কোর্স সম্পন্ন করবেন এবং এর ব্যত্যয় হলে গ্রহণকৃত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে। তাঁর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করলে তার কোন আপত্তি থাকবে না। তিনি চলমান একটি বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করে তা সম্পন্ন না করে তথ্য গোপন করে অন্য একটি বৈদেশিক শিক্ষা কার্যক্রম অংশগ্রহণ করার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা বুজু করা হয়;

যেহেতু, গত ১৩/১০/২০২১ খ্রিস্টাব্দে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুরকে তার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
(সোলেমান খান)  
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৪.২০২১. ৪২/২(৭)

তারিখ: ০৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (সৈয়দ আজিমুশ্বান নূরী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, দিনাজপুর।
- ৭। সৈয়দ আজিমুশ্বান নূরী (২৩৯১৬), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

  
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৪২৬৫